

## এইচএসসির ফরম পূরণে 'হোম ভিজিট' আদায়



ছবি: সংগৃহীত

পলাশ (নরসিংদী) প্রতিনিধি

প্রকাশ: ১৬ মে ২০২৪ | ১৭:১৯ | আপডেট: ১৬ মে ২০২৪ | ১৭:৫৫



নরসিংদীর পলাশ রেসিডেন্সিয়াল মডেল কলেজে এইচএসসি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ উঠেছে। নিয়মের বাইরে গিয়ে টাকা নেওয়া হচ্ছে বলে জানিয়েছে ভুক্তভোগী শিক্ষার্থীরা। ফরম পূরণে সঙ্গে 'হোম ভিজিটের' অর্থ আদায়ের বিষয়টি স্বীকার করেছেন কলেজের অধ্যক্ষ।

জানা গেছে, চলতি বছরে এইচএসসি পরীক্ষার ফরম পূরণে বোর্ড নির্ধারিত ফি বিজ্ঞান শাখায় ২ হাজার ৬৮০ টাকা, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় ২ হাজার ১২০ টাকা নির্ধারণ করা হয়েছে। এছাড়া মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের নৈর্বাচনিক বিষয়ে এবং চতুর্থ বিষয়ে ব্যবহারিক থাকলে বিষয় প্রতি আরও ১৪০ টাকা যুক্ত হবে। কিন্তু এই কলেজে বিবিধ নাম দিয়ে প্রত্যেক শিক্ষার্থীর কাছ থেকে অতিরিক্ত আরও ৫ হাজার থেকে ৬ হাজার টাকা হাতিয়ে নেওয়া হয়েছে। এ বছর কলেজটি থেকে ১০৫ শিক্ষার্থী এইচএসসি পরীক্ষার ফরম পূরণ করেছে বলে জানান কলেজ কর্তৃপক্ষ।

UNIBOTS

বিবিধ নাম দিয়ে কিভাবে টাকা নিচ্ছেন তারও ব্যাখ্যা দিয়েছেন কলেজের অধ্যক্ষ আরিফ পাঠান। তিনি দাবি করেন, শিক্ষার্থীদের 'হোম ভিজিট' বাবদ দুই হাজার টাকা, পরীক্ষায় পাস করার পর প্রশংসাপত্রসহ সনদের জন্য এক হাজার টাকা ও বাকি টাকা অন্যান্য খাতে নেওয়া হচ্ছে। এর মধ্যে নির্মাণাধীন একটি ভবনের জন্যও টাকা নেওয়া হয়েছে।

কয়েকজন শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা জানান, কলেজ থেকে এইচএসসির ফরম পূরণে সরকার নির্ধারিত ফি ছাড়াও 'হোম ভিজিট' নামে অতিরিক্ত টাকা রশিদের মাধ্যমে নিয়েছেন কলেজ কর্তৃপক্ষ। কষ্ট হলেও টাকা জমা দিতে হয়েছে। কিন্তু কোন খাতে কত টাকা তাদের বলা হয়নি।

অধ্যক্ষ আরিফ পাঠান বলেন, 'এটি প্রাইভেট (বেসরকারি) কলেজ। এখানে সরকারিভাবে কোনো বরাদ্দ নেই। বিবিধ নামে যে টাকা আদায় করা হয়েছে, সেগুলো হোম ভিজিট, প্রশংসাপত্র ও কলেজ উন্নয়নে ব্যয় করা হয়।'

উপজেলার মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মিলন কৃষ্ণ হালদার বলেন, নির্ধারিত ফির বাইরে অতিরিক্ত কোনো ধরণের টাকা নেওয়ার সুযোগ নেই। আর 'হোম ভিজিটের' নামে টাকা আদায় করারও কোনো বিধান নেই। এ বিষয়ে অভিযোগ পেলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।'